

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০২৬.২৬- ৭৪

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩২
০৪ মার্চ, ২০২৬


বিষয়: মরহুম শামীম হায়দার, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - এর লাম্পগ্রান্ট, আনুতোষিক ও মাসিক অবসর ভাতা মঞ্জুরী।

যুব উন্নয়ন অধিদপ্তর ভোলা জেলার লালমোহন উপজেলা কার্যালয়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামীম হায়দার গত ০৪-০৫-২০২৫খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। মৃতের স্ত্রী রহিমা খানম লাম্পগ্রান্ট, আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরীর জন্য আবেদনপত্র দাখিল করেন। সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মৃত শামীম হায়দার এর প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুসারে পূর্ণ গড় বেতনে ০১ বছর ০৯ মাস ০৪দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বছর ০২ মাস ২১ দিন অর্জিত ছুটি প্রাপ্য রয়েছে। মোট পেনশনযোগ্য চাকুরিকাল ২৭ বছর ০৪ মাস ০৪ দিন এবং তিনি বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য। মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন ৪৩,৪৩০/- (তেতাল্লিশ হাজার চারশত ত্রিশ) টাকা। ৪৩৪৩০/-টাকার ৯০% হারে ৩৯,০৮৭/- (উনচল্লিশ হাজার সাতাশ) টাকা মোট অবসরভাতা প্রাপ্য। অবসরভাতার ৩৯০৮৭/-টাকার ১ম অর্ধাংশ ১৯,৫৪৩.৫০ (উনিশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ১৯,৫৪৩.৫০ X ২৩০ = ৪৪,৯৫,০০৫/- (চুয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ) টাকা আনুতোষিক ও মাসিক অবসরভাতা হিসেবে ১৯,৫৪৩.৫০ (উনিশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং ছুটি নগদায়নপূর্বক ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ ৪৩,৪৩০ X ১৮ = ৭,৮১,৭৪০/- (সাত লক্ষ একাশি হাজার সাতশত চল্লিশ) টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য। অতিরিক্ত আহরিত বেতন ভাতা বাবদ ১,০২,৬৬৬/- (এক লক্ষ দুই হাজার ছয়শত ছেষটি) টাকা আনুতোষিক হতে আদায়যোগ্য।

২। এমতাবস্থায় মৃত শামীম হায়দার, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এর প্রাপ্য আনুতোষিক ৪৪,৯৫,০০৫/- (চুয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ) টাকা হতে অতিরিক্ত গৃহিত ১,০২,৬৬৬/- (এক লক্ষ দুই হাজার ছয়শত ছেষটি) টাকা কর্তন পূর্বক (৪৪,৯৫,০০৫ - ১,০২,৬৬৬) = ৪৩,৯২,৩৩৯/- (তেতাল্লিশ লক্ষ বিরানব্বই হাজার তিনশত উনচল্লিশ) টাকা আনুতোষিক এবং ২য় অর্ধাংশ মাসিক অবসরভাতা হিসেবে ১৯,৫৪৩.৫০ (উনিশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) এবং ৪৩,৪৩০ X ১৮ = ৭,৮১,৭৪০/- (সাত লক্ষ একাশি হাজার সাতশত চল্লিশ) টাকা লাম্পগ্রান্টসহ সমুদয় অর্থ মৃত শামীম হায়দারের স্ত্রী রহিমা খানম - এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদনক্রমে প্রদান করা হলো। লাম্পগ্রান্ট, আনুতোষিক ও মাসিক অবসর ভাতা পরিশোধের জন্য নিম্নলিখিত কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক) কপি
২	মৃত্যু সনদ	০১(এক) কপি
৩	ওয়ারিশ সনদ পত্র	০১(এক) কপি
৪	উত্তরাধিকার সনদপত্র	০১(এক) কপি
৫	ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়ন	০১(এক) কপি
৬	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
৭	না-দাবী প্রত্যয়ন পত্র	০১(এক) কপি
৮	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	০১(এক) কপি
৯	মূল চাকুরি বহি	০১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।



(এম এ আখের)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

উপজেলা হিসাব রক্ষণ অফিসার
লালমোহন উপজেলা, ভোলা।


পাতা-০২

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০২৬.২৬- ৭৪

তারিখ: ২২ ফাল্গুন, ১৪৩২
০৪ মার্চ, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। পরিচালক (অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা।
- ৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
- ৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমোহন, ভোলা।
- ৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৭। জনাব রহিমা খানম, স্বামী-মরহুম শামীম হায়দার, গ্রাম-শেখপাড়া, পোঃ+উপজেলা+জেলা-পিরোজপুর।
- ৮। অফিস কপি।


(মোঃ কামরুদ্দিন)

সহকারী পরিচালক (অর্থ)

ও

কল্যাণ কর্মকর্তা

ফোন: ০২-২২৩৩৮৩২৮৩